দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 3 1999
পৃষ্ঠা ২৫ কলাম ৪

478

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে নাইট শিফ্‌ট চালু হইতেছে

আনোয়ার আলদীন ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে নাইট শিফটে ক্লাস শুরু হইতেছে। চলতি শিক্ষাবর্ষ হইতে বিজনেস স্টাডিজ অনুষদের অধীনে এমবিএ'র ক্লাস রাতে অনুষ্ঠিত হইবে। গতকাল (রবিবার) রাতে ভিসি প্রফেসর একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে একাডেমিক কমিটির এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ-র অধীনে

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## নাইট শিফট

(শেষ পৃষ্ঠার পর)

বিবিএ এবং এমবিএ-এর ক্লাস রাতে অনুষ্ঠিত হইয়া থাকে। ভিসি প্রফেসর আজাদ চৌধুরী ইহাকে যুগান্তকারী ঘটনা হিসাবে উল্লেখ করিয়াছেন।

### দুইটি নূতন বিভাগ

চলতি শিক্ষাবর্ষ হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৈচিত্র্যধর্মী দুইটি নূতন বিভাগ খোলা হইবে। আগামী জুলাই মাস হইতে এই দুই বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তির সম্ভাবনা রহিয়াছে। বিভাগ দুইটি হইল ঃ মুক্তির সংগ্রাম ও বাংলাদেশ স্টাডিজ এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজী। এক্ষণে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজী বিভাগে অনার্স চালু করা হইবে এবং মুক্তির সংগ্রাম ও বাংলাদেশ স্টাডিজে মাস্টার্স শ্রেণীতে ভর্তি করা হইবে। আসন সংখ্যা আপাততঃ ১৫ হইতে ২০ জন। মুক্তির সংগ্রাম ও বাংলাদেশ স্টাডিজ বিভাগে বাঙালী জাতির অহংকার মহান মুক্তিযুদ্ধের উপর ছাত্র-ছাত্রীরা ব্যাপক পড়াশুনা ও গবেষণার সুযোগ লাভ করিবে।

### শিক্ষক পদ বৃদ্ধি

গতকাল একাডেমিক পরিষদের সভায় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, আইন বিভাগ, ইসলামিক স্টাডিজ বিভাগ, আরবী, ফার্সিসহ কয়েকটি বিভাগে শিক্ষকদের পদসংখ্যা বৃদ্ধি করার মাধ্যমে শিক্ষক নিয়োগের জন্য নীতিগত সিদ্ধান্ত গৃহীত হইয়াছে।

ইহাছাড়া এই সভায় ১০ জনকে পিএইচডি ডিগ্রী এবং ৭ জনকে এমফিল ডিগ্রী অনুমোদন করা হয়।